

পরীক্ষা

আগামী ১৭ আগস্ট থেকে এইচএসসি পরীক্ষা শুরুর প্রস্তাব শিক্ষা বোর্ডের

বিশেষ প্রতিবেদক ঢাকা



উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা এ বছরের আগস্টের মাঝামাঝিতে নিতে চায় সরকার ফাইল ছবি

এ বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা আগামী ১৭ আগস্ট থেকে শুরু করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কাছে প্রস্তাব পাঠিয়েছে শিক্ষাবোর্ডগুলো। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক কুমার সরকার আজ রোববার প্রথম আলোকে এই তথ্য জানিয়েছেন। তিনি বলেন, এখন শিক্ষা মন্ত্রণালয় অনুমোদন দিলে সেটি চূড়ান্ত হবে।

এর কিছুদিন আগে এই পরীক্ষার বিষয়ে শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছিলেন, তিনি আশা করছেন, আগস্টের মাঝামাঝিতে এ পরীক্ষা নিতে পারবেন।

ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চপর্যায়ের কর্মকর্তারা প্রথম আলোকে জানিয়েছিলেন, আগামী জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহে এ বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা নেওয়ার পরিকল্পনা থেকে সরে এসেছেন তাঁরা। নতুন পরিকল্পনা হলো আগস্টে এই পরীক্ষা শুরু করা হবে। প্রথমে আগামী জুলাইয়ে এইচএসসি পরীক্ষা নেওয়ার পরিকল্পনা করা হয়। কিন্তু তা নিয়ে আপত্তি ওঠে। কারণ, সেটি হলে পরীক্ষার্থীদের উচ্চমাধ্যমিক ক্লাস শুরুর পর এক বছর তিন মাসেই (১৫ মাস) এ পরীক্ষায় বসতে হতো। অর্থাৎ উচ্চমাধ্যমিকের শিক্ষাবর্ষ দুই বছরের।

এ কারণে শিক্ষাবিদ ও অভিভাবকেরা বলে আসছিলেন, তাড়াহড়া করে পরীক্ষা নেওয়ার পরিকল্পনায় শিক্ষার্থীরা পড়ার চাপে পড়েছেন। এতে শিখন ঘাটতি থেকে যাওয়ার আশঙ্কা আছে। আবার জুলাইয়ে পরীক্ষা হলেও এসব শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ের ভর্তি পরীক্ষা হবে আগামী বছরের এপ্রিল থেকে জুন-জুলাইয়ে। ফলে দীর্ঘ সময়জুড়ে তাঁদের কোচিং করতে হবে। যার খরচের বোঝা পড়বে অভিভাবকদের ঘাড়ে। তাই প্রশ্ন ওঠে উচ্চশিক্ষার ভর্তির সঙ্গে সমন্বয় না করে শুধু এইচএসসি পরীক্ষা আগে আগে নিয়ে কী লাভ?

এ নিয়ে তখন প্রথম আলোসহ বিভিন্ন গণমাধ্যমে খবর হওয়ার পর বিষয়টি পুনর্বিবেচনা করে শিক্ষা বোর্ডগুলো। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার কিছুদিন আগে প্রথম আলোকে বলেছিলেন, গণমাধ্যমের প্রতিবেদনের পাশাপাশি তাঁরাও জানতে পেরেছেন কিছু কিছু শিক্ষাপ্রতিষ্ঠান পাঠ্যসূচি শেষ করতে পারেনি। এসব বিবেচনায় জুলাইয়ের পরিবর্তে আগস্টে এইচএসসি পরীক্ষা নেওয়ার পরিকল্পনা করা হয়েছে।

করোনা সংক্রমণের কারণে ২০২০ সালের মার্চ থেকে টানা প্রায় দেড় বছর দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সশরীর ক্লাস বন্ধ ছিল। সে কারণে শিক্ষাপঞ্জিতে এলোমেলো পরিস্থিতির সৃষ্টি হয়, যা এখনো স্বাভাবিক হয়নি। স্বাভাবিক সময়ে এসএসসি পরীক্ষা শুরু হতো ফেব্রুয়ারির শুরুতে। আর এইচএসসি পরীক্ষা হতো এপ্রিলের শুরুতে। গত বছর ভর্তি হওয়া শিক্ষার্থীদের একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হয়েছিল গত বছরের ২ মার্চ থেকে। এসব শিক্ষার্থীই এ বছর এইচএসসি পরীক্ষায় বসবেন।



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো